

ফতওয়া নং ৩৪৭

প্রশ্নঃ

786 লেখা হয় অনেকে আরবিতে লিখে এটা কি শরীয়ত সম্মত ? এরকম লেখা যাবে ?

উত্তরঃ

৭৮৬ সংখ্যাটি বিসমিল্লাহির রহমানির রহীম এর প্রতিটি অক্ষরের সংখ্যার যোগফল।

বিসমিল্লাহির রহমানির রহিম

এর মধ্যে ১৯ টি অক্ষর রয়েছে। এই ১৯টি অক্ষরের আবজাদ পদ্ধতিতে প্রতিটি অক্ষরের মান হলো –

- (১) ب - ২
- (২) س - ৬০
- (৩) م - ৪০
- (৪) ا - ১
- (৫) ل - ৩০
- (৬) ل - ৩০
- (৭) ه - ৫
- (৮) ا - ১
- (৯) ل - ৩০
- (১০) ر - ২০০
- (১১) ح - ৮
- (১২) م - ৪০
- (১৩) ن - ৫০
- (১৪) ا - ১
- (১৫) ل - ৩০
- (১৬) ر - ২০০
- (১৭) ح - ৮
- (১৮) ي - ১০
- (১৯) م - ৪০

মোট যোগফল- ৭৮৬

“বিসমিল্লাহির রহমানির রহিম” এর মধ্যে ১৯টি অক্ষর রয়েছে , তার আদাদ বা মান বের করার পর হল ৭৮৬ । আদাদ বের করার নিয়ম হলো প্রত্যেক অক্ষর যেগুলি লেখাতে আসবে সেগুলোর মান বের হবে । যদি কোন অক্ষরের ওপর তাসদিদ থাকে তাহলে সেটার দুই বার মান বের হবে না বরং একবার মান বের হবে ।

ইমাম মানাবি (রহঃ) বলেন , বিসমিল্লাহির রহমানির রহিম এর মধ্যে অক্ষর রয়েছে ১৯ টি । আর জাহান্নামের দায়িত্বে ১৯ জন ফেরেশতা আছেন । যে ব্যক্তি বেশি বেশি এটি পাঠ করবে সে দুনিয়া ও আখিরাতে সম্মান লাভ করবে । (এছাড়া তিনি আরো বলেন এটা বেশি বেশি পাঠ করলে জাহান্নামের আগুন থেকে রক্ষা পাবে)

আমাদের পূর্বযুগ থেকেই বিসমিল্লাহর পরিবর্তে বিশেষ করে কিছু কিছু জায়গায় ৭৮৬ লেখার বিষয়টি চলে আসছে। তখন সম্ভবত এটা চিঠিতে লেখা হত, যাতে চিঠি ছিড়ে ফেলে দিলে বিসমিল্লাহর অসম্মান না হয়। বিশেষ কিছু ক্ষেত্রে যেমন- হ্যান্ডবিল, বিয়ের কার্ড, চিঠি ইত্যাদিতে ৭৮৬ লেখা হয় । ৭৮৬ লেখলে নেকি হবে না ,তবে যেহেতু ৭৮৬ বিসমিল্লাহির রহমানির রহিম এর আদাদ বা সংখ্যা তাই তা দেখে যদি কেউ মুখে বিসমিল্লাহির রহমানির রহিম পড়ে তাহলে সে ক্ষেত্রে সম্পূর্ণ নেকি বা সাওয়াব লাভ করবে ।

বিসমিল্লাহর দুটি বরকত রয়েছে-১. লেখার ২. পড়ার। অসম্মানের আশঙ্কায় লেখার বরকত বাদ দেয়া হয়। কিন্তু ৭৮৬ লেখার মাধ্যমে পড়ার বরকতের প্রতি উৎসাহিত করা হচ্ছে। সুতরাং বিভিন্ন হ্যান্ডবিল, পেস্টারে বিসমিল্লাহর পরিবর্তে ৭৮৬ লেখার মাধ্যমে যদি এই উদ্দেশ্য হয় এটা দেখলে পাঠক বিসমিল্লাহ পড়ে লেখা পড়া শুরু করবে তাহলে শরীয়তের দৃষ্টিতে তাতে কোনো সমস্যা নেই। তবে উত্তম হলো এর স্থানে বিসমিহী তায়লা লেখা।

(শরহুল মাজাল্লা-১৭, আপকে মাসাইল আওর উনকা হল-৮/৩৪৮)

এ বিষয়ে দারুল উলুম উলামায়ে দেওবন্দের ফতোয়া হলো –

৭৮৬ “বিসমিল্লাহির রাহমানির রাহিম” এর সমতুল্য নয় । ৭৮৬ লেখা দ্বারা “বিসমিল্লাহির রহমানির রহিম” লেখার সাওয়াব বা নেকি পাওয়া যাবে না । তবে যদি চিঠি (অন্য কোন কাগজ) নোংরা জায়গায় পড়ার সম্ভাবনা থাকে তাহলে ৭৮৬ লেখাতে কোন সমস্যা নেই।

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।

২৮ শে রমাযান, ১৪৪৫ হিজরী (07/04/2024)